বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৭১

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৩২ তম কমিশন সভা অদ্য ১৯/১১/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

০১. কমিশন অদ্যকার সভায়, Dhaka Bank PLC এর ৪০০ (চারশত) কোটি টাকা অভিহিত মূল্যের Unsecured, Non-convertible, Floating Rate, Fully Redeemable 4th Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Dhaka Bank PLC এর Tier-II Capital Base শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে DBH Finance PLC এবং Arranger হিসাবে কাজ করছে BRAC EPL Investments Ltd ও UCB Investments Ltd। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০২. কমিশন অদ্যকার সভায়, Bank Asia PLC এর ৪০০ (চারশত) কোটি টাকা অভিহিত মূল্যের Unsecured, Non-convertible, and Fully Redeemable Floating Rate Subordinated Bond এর প্রস্তাব ট্রাষ্টি রেজিস্টিশন সনদ (Trustee Registration Certificate) জমা দেওয়ার শর্ত সাপেক্ষে অনুমোদন করেছে। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Bank Asia PLC এর Tier-II Capital Base শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে BRAC EPL Investment Limited এবং Arranger হিসাবে কাজ করছে City Bank Capital Resources Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০৩. কমিশন অদ্যকার সভায়, Islami Bank Bangladesh PLC. এর ৫০০ (পাঁচশত) কোটি টাকা মূল্যের Fifth Mudaraba Unsecured, Non-Convertible, Fully Redeemable, Floating Rate Subordinated Bond এর প্রস্তাব Trustee Registration Certificate জমা দেওয়ার শর্ত সাপেক্ষে অনুমোদন করেছে যার Coupon Rate হবে Reference Rate + 3% Coupon Margin। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Islami Bank Bangladesh PLC. এর Tier-II Capital Base Under Basel III শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে DBH Finance PLC. এবং Arranger হিসাবে কাজ করছে UCB Investment Limited, Prime Bank Investment Limited ও Islami Bank Capital Management Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০৪. কমিশন অদ্যকার সভায়, Export Import Bank of Bangladesh PLC. এর ২৫০ (দুইশত পঞ্চাশ) কোটি টাকা মূল্যের Unsecured, Non-Convertible, Redeemable, Floating Rate Subordinated Bond এর প্রস্তাব ট্রাষ্টি রেজিস্টিশন সনদ (Trustee Registration Certificate) জমা দেওয়ার শর্ত সাপেক্ষে অনুমোদন করেছে যার Coupon Rate হবে Reference Rate + 3% Coupon Margin। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Export Import Bank of Bangladesh PLC. এর Tier-II Capital Base Under Basel III শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে DBH Finance PLC. এবং Arranger হিসাবে কাজ করছে UCB Investment Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০৫. কমিশন অদ্যকার সভায়, Trust Bank Limited এর ৪৫০ (চারশত পঞ্চাশ) কোটি টাকা মূল্যের Unsecured, Non-convertible, Fully Redeemable, Floating Rate Subordinated Bond এর প্রস্তাব ট্রাষ্টি রেজিস্ট্রিশন সনদ (Trustee Registration Certificate) জমা দেওয়ার শর্ত সাপেক্ষে অনুমোদন করেছে যার Coupon Rate হবে Reference Rate + 3% Coupon Margin। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Trust Bank Limited এর Tier-II Capital Base Under Basel III শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে BRAC EPL Investments Limited. এবং Arranger হিসাবে কাজ করছে UCB Investment Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০৬. সমন্বিত কাস্টমারস হিসাব (Consolidated Customers' Account) এর ঘাটতির কারণে Modern Securities Limited কে ১.০০ (এক) লক্ষ টাকা এবং Anwar Securities Limited কে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ডে দন্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও, Modern Securities Limited এবং Anwar Securities Limited এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে সর্তক করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭. ২০২১ সালের বিভিন্ন প্রান্তিকের অনিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে বিধি মোতাবেক প্রভিশন না করায় Bay Leasing and Investments Ltd. এর কোম্পানী সেক্রেটারি, ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালনা পর্ষদকে সর্তক করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮. Bay Leasing and Investments Ltd. এর শেয়ার লেনদেনে সিকিউরিটিজ আইন লঙ্ঘন করায় Southeast Bank Capital Services Ltd. কে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ডে দন্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯. মূল্য সংবেদনশীল তথ্যের ভিত্তিতে Bay Leasing and Investments Ltd. এর শেয়ার বিক্রয় করে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর সংশ্লিষ্ট বিধি লঙ্ঘন করায় Mr. Alamgir Kabir কে ১২.০০ (বার) কোটি টাকা ও Mr. Tushar LK Mia কে ২.৫০ (দুই দশমিক পঞ্চাশ) কোটি টাকা এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করে উক্ত বিধিমালার সংশ্লিষ্ট বিধি লঙ্ঘন করায় Bay Leasing and Investments Ltd. এর তৎকালীন পরিচালক Prof. Suraiya Begum কে ৫.০০ (পাঁচ) কোটি টাকা অর্থদন্ডে দন্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

19-11-2024

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র